
# নির্বাচিত হলে জাতীয় ঐক্যের সরকার গঠন করবেন: জামায়াতের আমির



সংগৃহীত ছবি

জামায়াত ইসলামের আমির ডা. শফিকুর রহমান বলেছেন, যদি জনগণ তাদের নির্বাচিত করে, তবে দল, মত বা গোষ্ঠী নির্বিশেষে সবাইকে সঙ্গে নিয়ে জাতীয় ঐক্যের সরকার গঠন করা হবে। বৃহস্পতিবার (৬ নভেম্বর) সন্ধ্যায় সিলেট মহানগরে আয়োজিত এক সুধী সমাবেশে তিনি এ ঘোষণা দেন।

বিএনপির প্রতি ইঙ্গিত করে তিনি বলেন, একটি 'বন্ধু সংগঠন' ক্ষমতায় গেলে তারা জামায়াত ছাড়া সবাইকে নিয়ে সরকার গঠনের কথা বলেছে। কিন্তু আমরা ভিন্নভাবে চিন্তা করি—আমরা নির্বাচিত হলে সেই সংগঠনসহ সকল রাজনৈতিক ও সামাজিক শক্তিকে সঙ্গে নিয়ে দেশ পুনর্গঠনের কাজ করবো।

ডা. শফিকুর রহমান আরও বলেন, "আমরা যদি বিরোধী দলে থাকি, তবুও মানবিক ও কল্যাণমূলক কাজে বন্ধু সংগঠনগুলোর সঙ্গে কাজ করবো। এতে কোনো দ্বিধা থাকবে না। তবে কেউ যদি ক্ষমতায় গিয়ে পুরনো অন্যায় বা একচেটিয়া আচরণে ফিরে যায়, প্রথমে আমরা সতর্ক করবো। তবুও যদি পরিবর্তন না আসে, তাহলে আগের মতোই কঠোর অবস্থান নেওয়া হবে।"

LENS ASIA

জামায়াতের এই নেতা বলেন, দলীয় বা ধর্মীয় বিভাজন আর মেনে নেওয়া হবে না। তিনি জোর দিয়ে বলেন, "সামাজিক ন্যায়বিচার ও সুশাসন প্রতিষ্ঠা না হওয়া পর্যন্ত আমাদের আন্দোলন অব্যাহত থাকবে। ন্যায়বিচার প্রতিষ্ঠিত হলে দুর্নীতি করার সাহস আর কেউ পাবে না।"

সমাবেশে তিনি সবাইকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানিয়ে বলেন, "বাংলাদেশ আমাদের সবার। দল-মতের উর্ধ্বে উঠে সবাই মিলে দেশ গঠন করলেই সত্যিকার পরিবর্তন সম্ভব।"